সিনিয়র সিস্টেম এনালিষ্ট
◇ সিস্টেম এনালিষ্ট/সিনিয়র প্রোগ্রামার
◇ প্রোগ্রামার
◇ সহকারী প্রোগ্রামার
◇ সঃমেঃই-১/সঃমেঃই-২
◇ নথি
ডাইরি নং......
তারিখঃ 05/03/2020

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা
www.rthd.gov.bd

নং: ৩৫.০০.০০০০.০৩২.১৪.০১৪.১৯-৯৯

তারিখঃ ০৪/০৩/২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ২০১৯-২০২০ অর্থবছরের জানুয়ারি ২০২০ পর্যন্ত বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে গত ২৩ ফেব্রুয়ারি ২০২০ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

২। উক্ত কার্যবিবরণীতে উল্লিখিত স্ব স্ব বিষয়ের উপর পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ১৫/০৩/২০২০ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: সভার কার্যবিবরণী।

০৪/০৩/২০২০

(আবদুল্লাহ-আল-মাসুদ)
সিনিয়র সহকারী প্রধান
ফোন: ৯৫১৪২৬৬
E-mail: mashudllb@msn.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা (দৃ: আ: পরিচালক-৫)
২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃ আঃ উপসচিব, বাজেট শাখা-১৬)
৩। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে-বাংলা নগর, ঢাকা
৪। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা
৫। সদস্য (কার্যক্রম), পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা
৬। সদস্য (ভৌত অবকাঠামো), পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা
৭। প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা **(সংশ্লিষ্ট সকল প্রকল্প পরিচালককে কার্যবিবরণী প্রেরণের অনুরোধসহ)**
৮। অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৯-১০। অতিরিক্ত সচিব (বাজেট/উন্নয়ন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১১। নির্বাহী পরিচালক, ডিটিসিএ, নগর ভবন (ঢাকা সিটি কর্পোরেশন দক্ষিণ), ঢাকা
১২। চেয়ারম্যান, বিআরটিএ, এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা
১৩। চেয়ারম্যান, বিআরটিসি, পরিবহন ভবন, মতিঝিল, ঢাকা
১৪। ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল, ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, প্রবাসী কল্যাণ ভবন, নিউ ইস্কাটন, ঢাকা
১৫। যুগ্মপ্রধান, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৬। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/রংপুর/কুমিল্লা/ময়মনসিংহ/গোপালগঞ্জ/ সিলেট জোন
১৭। প্রকল্প পরিচালক, ঢাকা-সিলেট মহাসড়কের ভূলতায় ৪ লেন বিশিষ্ট ফ্লাইওভার নির্মাণ প্রকল্প, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
১৮। প্রকল্প পরিচালক, তৃতীয় কর্ণফূলী সেতু নির্মাণ, গড সাহেব রোড, হিলটপ, রহমতগঞ্জ, চট্টগ্রাম
১৯। প্রকল্প পরিচালক, নারায়নগঞ্জের বন্দর উপজেলায় ৩য় শীতলক্ষ্যা সেতু নির্মাণ প্রকল্প, ১৩২ নিউ বেইলী রোড, শান্তি নগর, ঢাকা
২০। প্রকল্প পরিচালক, বরিশাল-পটুয়াখালী মহাসড়কে পায়রা নদীর উপর পায়রা সেতু (লেবুখালী সেতু) নির্মাণ, সড়ক গবেষণাগার, ঢাকা
২১। প্রকল্প পরিচালক, গ্রেটার ঢাকা সাসটেইনেবল আরবান ট্রান্সপোর্ট প্রজেক্ট (বাংলাদেশ সেতু কর্তপক্ষ অংশ), সেতু ভবন, বনানী ঢাকা
২২। প্রকল্প পরিচালক, গ্রেটার ঢাকা সাসটেইনেবল আরবান ট্রান্সপোর্ট প্রজেক্ট (এলজিইডি অংশ), এলজিইডি ভবন, আগারগাঁও, ঢাকা
২৩। প্রকল্প পরিচালক, SASEC Road Connectivity: Improvement of Joydebpur-Chandra-Tangail-Elenga-Road (N-4) to 4- lane Highway, হাউজ নং-১২৭, সড়ক নং-২, ব্লক-এ নিকেতন, গুলশান, ঢাকা-১২১২
২৪। প্রকল্প পরিচালক, সাসেক সংযোগ সড়ক-২ : হাটিকামরুল-রংপুর জাতীয় মহাসড়ক ৪-লেনে উন্নীতকরণ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
২৫। প্রকল্প পরিচালক, ২য় কাঁচপুর, মেঘনা, গোমতী সেতু নির্মাণ এবং বিদ্যমান সেতু সমুহের পুনর্বাসন প্রকল্প, বনানী, ঢাকা
২৬। প্রকল্প পরিচালক, TA for Sub Regional Road Transport Project Preparatory Facility প্রকল্প, ১৩২ নিউ বেইলী রোড, শান্তি নগর, ঢাকা
২৭। প্রকল্প পরিচালক, ওয়েস্টার্ন বাংলাদেশ ব্রীজ ইম্প্রুভমেন্ট প্রকল্প (ডব্লিউবিবিআইপি), সেতু ভবন, বনানী, ঢাকা

*চলমান পাতা-২*

২৮। প্রকল্প পরিচালক, মাতারবাড়ি কয়লা চালিত বিদ্যুৎ কেন্দ্র সংযোগ সড়ক নির্মাণ, সেতু ভবন, বনানী, ঢাকা
২৯। প্রকল্প পরিচালক, ইটনা-মিঠামইন-অষ্টগ্রাম সড়ক উন্নয়ন প্রকল্প, ময়মনসিংহ সড়ক সার্কেল, ময়মনসিংহ
৩০। প্রকল্প পরিচালক, ক্রস-বর্ডার রোড নেটওর্য়াক ইমপ্রুভমেন্ট প্রজেক্ট (বাংলাদেশ), বাড়ী নং-১০, রোড নং-১, ব্লক-এফ, বনানী, ঢাকা
৩১। প্রকল্প পরিচালক, "আশুগঞ্জ নদীবন্দর-সরাইল-ধরখার-আখাউড়া স্থলবন্দর মহাসড়ককে চারলেন জাতীয় মহাসড়কে উন্নীতকরণ" সড়ক ভবন, কুমিল্লা
৩২। প্রকল্প পরিচালক, ঢাকা ইন্টিগ্রেটেড ট্রাফিক ম্যানেজমেন্ট প্রজেক্ট, নগর ভবন, ঢাকা
৩৩। প্রকল্প পরিচালক, ক্রস-বর্ডার রোড নেটওর্য়াক ইমপ্রুভমেন্ট প্রজেক্ট (বাংলাদেশ), বাড়ী নং-১০, রোড নং-১, ব্লক-এফ, বনানী, ঢাকা
৩৪। প্রকল্প পরিচালক (তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা সড়ক সার্কেল), এলেন বাড়ী, তেজগাঁও, ঢাকা
৩৫। প্রকল্প পরিচালক, দক্ষ চালক তৈরির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদানের জন্য বিআরটিসি'র ০৩টি প্রশিক্ষণ ইনস্টিটিউট ও ১৭টি প্রশিক্ষণ কেন্দ্র আধুনিকায়ন ও শক্তিশালীকরণ, বিআরটিসি ভবন, মতিঝিল, ঢাকা
৩৬। প্রকল্প পরিচালক, সড়ক ও জনপথ অধিদপ্তরের জন্য যন্ত্রপাতি ও সরঞ্জামাদি সংগ্রহ, সড়ক ও জনপথ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা
৩৭। প্রকল্প পরিচালক, ৮ম বাংলাদেশ -চীন মৈত্রী সেতু নির্মাণ, ব্রীজ ম্যানেজমেন্ট উইং, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
৩৮-৩৯। প্রকল্প সমন্বয়ক, (ক) ৯ম, ১০ম ও ১১তম বাংলাদেশ-চীন মৈত্রী সেতু নির্মাণ, (খ) মীরেশ্বরাই-টেকনাফ মেরিন ড্রাইভ নির্মাণ
৪০। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ উইং, সওজ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
৪১। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, ঢাকা
৪২-৪৬। উপসচিব (রক্ষণাবেক্ষণ/জিএফডিপি/ডিএফডিপি)/উপ-প্রধান (পরিঃ ও কার্যঃ/সওজ জিওবি), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৪৭-৪৮। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মনিটরিং সার্কেল/পরিকল্পনা ও কার্যক্রম সার্কেল, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
৪৯-৫০। নির্বাহী প্রকৌশলী, কার্যক্রম বিভাগ/মূল্যায়ন বিভাগ, সড়ক ও জনপথ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা
৫০-৫৪। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক বিভাগ, ঢাকা/গাজীপুর/নরসিংদী/.........................

<u>সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :</u>

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (কার্যবিবরনীটি এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৪। যুগ্মপ্রধান এর ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫। উপপ্রধান (পরিঃ ও কার্যঃ) এর ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬-৭। অফিস কপি/মাস্টার কপি

০৪/০৬/২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা

২০১৯-২০২০ অর্থবছরের জানুয়ারি ২০২০ পর্যন্ত বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ নজরুল ইসলাম<br>সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় |
| তারিখ | : | ২৩ ফেব্রুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ |
| সময় | : | সকাল ১০:৩১ মিনিট |
| স্থান | : | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

১. উপস্থাপনা:

সভাপতির সম্মতিক্রমে সভাকে অবহিত করা হয় যে, ২০১৯-২০২০ অর্থবছরে এডিপিতে বৈদেশিক সহায়তাপুষ্ট ২২টি প্রকল্প রয়েছে। তন্মধ্যে টিএ প্রকল্প ৩টি ও বিনিয়োগ প্রকল্প ১৯টি। প্রকল্পসমূহের অনুকূলে ২০১৯-২০২০ অর্থবছরে এডিপিতে প্রকল্প সাহায্য খাতে ৯৩৩৯.১৫ কোটি টাকা বরাদ্দ রয়েছে। জানুয়ারি ২০২০ পর্যন্ত প্রকল্প সাহায্য খাতে বরাদ্দকৃত অর্থের ২১১৫.১০ কোটি টাকা (২২.৬১%) ব্যয় করা হয়েছে।

২. উন্নয়ন সহযোগী সংস্থাভিত্তিক প্রকল্পওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপ:

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| সংস্থা : ডিএমটিসিএল | | | |
| ১. ঢাকা মাস ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (১/৭/১২-৩০/০৬/২৪) | ডিএমটিসিএল কর্তৃক সভায় অবহিত করা হয় যে, প্রস্তাবিত সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি) বরাদ্দ অনুযায়ী প্রকল্প সাহায্যের শতভাগ ব্যয় নিশ্চিত করা হবে। প্রকল্পের বাস্তব অগ্রগতি সন্তোষজনক অবস্থায় রয়েছে। নিয়মিত পিআইসি ও পিএসসি সভা আয়োজনের পরামর্শ দেয়া হয়। তবে, আগামী অর্থবছরে কি কি কাজ করা হবে তার কর্মপরিকল্পনা প্রণয়ন করার ওপর গুরুত্ব দেয়া হয়। | (ক) এডিপি বরাদ্দ অনুযায়ী শতভাগ ব্যয় নিশ্চিত করার জন্য মনিটরিং কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>(খ) নিয়মিত পিআইসি ও পিএসসি সভা আয়োজন করতে হবে।<br>(গ) আগামী অর্থবছরে কি কি কাজ করা হবে তার কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে। | প্রকল্প পরিচালক ও ডিএমটিসিএল |
| ২. টিএ ফর এমআরটি লাইন-১ (ইঞ্জিনিয়ারিং সার্ভিস) (১/৭/১৭-৩০/৬/২২) | সভায় জানানো হয় যে, গত ০৪/০২/২০২০ তারিখে প্রকল্পের পিএসসি সভা অনুষ্ঠিত হয়েছে। আরএডিপি'তে প্রস্তাবিত বরাদ্দ চাহিদার আলোকে ব্যয় নির্বাহের জন্য কর্মপরিকল্পনা প্রস্তুত করা হয়েছে এবং সে অনুযায়ী বাস্তবায়ন কাজ চলমান রয়েছে। | কর্মপরিকল্পনার আলোকে বাস্তবায়ন কার্যক্রম নিয়মিত তদারকি করতে হবে। | প্রকল্প পরিচালক ও ডিএমটিসিএল |
| ৩. এমআরটি লাইন-১ নির্মাণ (০১/০৭/২০১৯-৩১/১২/২০২৬) | সভায় প্রকল্প পরিচালক অবহিত করেন যে, এমআরটি লাইন-১ এর ডিপো নির্মাণের জন্য ভূমি অধিগ্রহণের নিমিত্ত কেন্দ্রীয় ভূমি বরাদ্দ কমিটিতে প্রস্তাব জমা দেয়ার লক্ষ্যে বর্তমানে রাজউক ও নগর উন্নয়ন অধিদপ্তর হতে অনাপত্তি সংগ্রহের কার্যক্রম চলমান রয়েছে। নির্ধারিত কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম চলমান আছে। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক পূর্বাচল সংযোগ অংশ নির্মাণ হবে বিধায় আর কোন সমস্যা নেই। | (ক) ভূমি অধিগ্রহণের নিমিত্ত কেন্দ্রীয় ভূমি বরাদ্দ কমিটিতে প্রস্তাব প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>(খ) পূর্বাচল সংযোগ অংশ নির্মাণের বিষয়ে অগ্রগতি জানাতে হবে। | প্রকল্প পরিচালক |

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৪. এমআরটি লাইন-৫ (নর্দান রুট) নির্মাণ (০১/০৭/২০১৯-৩১/১২/২০২৮) | সভায় অবহিত করা হয় যে, পরামর্শক নিয়োগের নিমিত্ত অনাপত্তি প্রদান প্রস্তাব JICA এর নিকট প্রক্রিয়াধীন আছে। পরামর্শক নিয়োগের চুক্তি সম্পাদনের পরপরই কর্মপরিকল্পনা নির্ধারণ করা হবে। | পরামর্শক নিয়োগের লক্ষ্যে জাইকার সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | প্রকল্প পরিচালক |
| সংস্থা : বিআরটিসি | | | |
| ৫. বিআরটিসি'র জন্য বাস সংগ্রহ (১/২/১৬-৩১/১২/১৯) | বিআরটিসি'র প্রতিনিধি সভায় অবহিত করেন যে, প্রকল্পটি গত ৩০/১২/২০১৯ তারিখে সম্পন্ন হয়েছে। সংগৃহীত বাসগুলোর রেজিস্ট্রেশন সম্পন্নকরতঃ যাত্রী পরিবহণ সেবার কাজে নিয়োজিত রয়েছে। ভাড়া নির্ধারণ কমিটি'র রিপোর্টে সকল সদস্যদের স্বাক্ষর না থাকা ও এ রিপোর্টের প্রস্তাব অসম্পূর্ণ থাকায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। ভাড়া নির্ধারণের জন্য এ বিভাগ কর্তৃক নতুন কমিটি নির্ধারণ করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | (ক) বিআরটিসি বাসের ভাড়া নির্ধারণের জন্য কমিটি পুর্নগঠন করতে হবে।<br>(খ) নির্ধারিত সময়ের মধ্যে এ বিভাগে পিসিআর দাখিল নিশ্চিত করতে হবে।<br>(গ) প্রকল্পের মালামাল বুঝে পেয়ে পরবর্তী কার্যক্রম এক্সিম ব্যাংককে জানাতে হবে। | প্রকল্প পরিচালক ও বিআরটিসি |
| জিওবি প্রকল্প<br>৬. দক্ষ চালক তৈরির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদানের জন্য বিআরটিসি'র ০৩টি প্রশিক্ষণ ইনস্টিটিউট ও ১৭টি প্রশিক্ষণ কেন্দ্র অধুনিকায়ন ও শক্তিশালীকরণ (১/২/১৮-৩০/৬/২০) | সভায় জানানো হয় যে, বর্ণিত প্রকল্পের মাধ্যমে ড্রাইভার/ প্রশিক্ষণার্থীদেরকে মানসম্মত প্রশিক্ষণ নিশ্চিত করার জন্য অবকাঠামো নির্মাণসহ আধুনিক প্রশিক্ষণ উপকরণ সংগ্রহ করা হচ্ছে। নির্ধারিত সময়ে প্রকল্পটির সমাপ্তির লক্ষ্যে প্রচেষ্টা অব্যাহত রয়েছে। ড্রাইভার/প্রশিক্ষণার্থীদের মানসম্মত প্রশিক্ষণের গৃহীত ব্যবস্থাদি ও বর্তমানে প্রশিক্ষণার্থীদের সংখ্যা সংক্রান্ত একটি প্রতিবেদন এ বিভাগে দাখিলের নির্দেশনা প্রদান করা হয়। | (ক) নির্ধারিত ব্যয় সীমার মধ্যে প্রকল্পটির কার্যক্রম সমাপ্ত করতে হবে।<br>(খ) ড্রাইভার/প্রশিক্ষণার্থীদের মানসম্মত প্রশিক্ষণের গৃহীত ব্যবস্থাদি ও বর্তমানে প্রশিক্ষণার্থীদের সংখ্যা সংক্রান্ত একটি প্রতিবেদন এ বিভাগে দাখিল করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিসি ও প্রকল্প পরিচালক |
| সংস্থা : ডিটিসিএ | | | |
| ৭. ঢাকা ইনট্রিগ্রেটেড ট্রাফিক ম্যানেজমেন্ট (১/৭/১৫-৩০/০৬/২০) | সভায় আলোচনা করা হয় যে, বিভিন্ন সময়ে এডিপি পর্যালোচনা সভার গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি যথাসময়ে এ বিভাগে প্রেরণের নির্দেশনা থাকলেও ডিটিসিএ কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের গত এডিপি সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রেরণ করা হয়নি। ভবিষ্যতে যথাসময়ে বাস্তবায়ন অগ্রগতি এ বিভাগের প্রেরণ নিশ্চিত করার পরামর্শ দেয়া হয়। | ডিটিসিএ কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের এডিপি সভার গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি যথাসময়ে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। | নির্বাহী পরিচালক, ডিটিসিএ ও প্রকল্প পরিচালক |
| ৮. দি ফিজিবিলিটি স্ট্যাডি অন ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট (এমআরটি লাইন-১ এন্ড এমআরটি লাইন-৫) প্রজেক্ট (১/১/১৭ -৩০/০৬/২০) | সভায় জানানো হয় যে, প্রকল্পটির আওতায় পরামর্শক কর্তৃক স্ট্যাডি কার্যক্রম পরিচালিত হচ্ছে। নির্ধারিত সময়ে প্রকল্পটির কার্যক্রম সমাপ্ত করা সম্ভব হবে। | (ক) পরামর্শক কর্তৃক স্ট্যাডি রিপোর্ট যথাসময়ে প্রাপ্তির লক্ষ্যে পরামর্শক প্রতিষ্ঠানের কার্যক্রম নিয়মিত মনিটরিং করতে হবে।<br>(খ) নির্ধারিত সময়ে প্রকল্পটি সমাপ্ত করতে হবে। | প্রকল্প পরিচালক |
| জিওবি প্রকল্প<br>৯. দি ফিজিবিলিটি স্ট্যাডি অন বাস র‍্যাপিড ট্রানজিট (বিআরটি) লাইন-৭ | প্রকল্প পরিচালক জানান যে, ইতোমধ্যে এ প্রকল্পটির ওপর স্টিয়ারিং কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। প্রকল্পটি আগামী জুন ২০২০ এ সমাপ্ত হবে। | মানসম্মত স্ট্যাডি রিপোর্ট নিশ্চিত করতে হবে। | প্রকল্প পরিচালক |

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| সংস্থা : সড়ক ও জনপথ অধিদপ্তর | | | |
| ১০. তৃতীয় কর্ণফুলী সেতু নির্মাণ (১/৭/০৩-৩১/১২/১৯) | সভায় অবহিত করা হয় যে, প্রকল্পটি ইতোমধ্যে সমাপ্ত হয়েছে। পিসিআর প্রণয়নের কাজ চলমান রয়েছে। | বিধিমোতাবেক প্রকল্প সমাপ্তির ০৩ (তিন) মাসের মধ্যে সমাপ্ত প্রকল্পটির পিসিআর এ বিভাগে প্রেরণ করতে হবে। | সওজ অধিদপ্তর ও প্রকল্প পরিচালক |
| ১১. নারায়ণগঞ্জের বন্দর উপজেলায় ৩য় শীতলক্ষ্যা সেতু নির্মান প্রকল্প (১/১১/১০-৩০/৬/২১) | প্রকল্প পরিচালক জানান যে, আরএডিপির প্রস্তাবিত বরাদ্দ চাহিদার বিপরীতে কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। ডিসেম্বের ২০২০ তারিখ সেতু নির্মাণ সম্পন্ন করার নিমিত্ত বাস্তবায়ন কাজ চলমান রয়েছে। তবে বর্তমানে চীনে করোনা ভাইরাসের প্রকোপ থাকায় প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম বাধাঁগ্রস্থ হওয়ার সম্ভাবনা রয়েছে। | (ক) প্রকল্পের কার্যক্রম এ বিভাগ হতে মনিটরিং করতে হবে।<br>(খ) করোনা ভাইরাসের কারণে উদ্ভুত সমস্যা বিবেচনায় নিয়ে প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম পরিচালনা করতে হবে। | যুগ্মপ্রধান ও প্রকল্প পরিচালক |
| ১২. বরিশাল-পটুয়াখালী মহাসড়কে পায়রা নদীর উপর পায়রা সেতু (লেবুখালী সেতু) নির্মাণ (১/৪/১২-৩০/৪/২১) | সভায় অবহিত করা হয় যে, ঠিকাদারের মেয়াদ বৃদ্ধির প্রস্তাবটি যৌক্তিকভাবে নির্ধারণের পর মন্ত্রণালয়কে অবহিত করা হবে। পটুয়াখালী প্রান্তে ওয়ে ব্রীজের ডিজাইন মডিফিকেশন চূড়ান্ত হলে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগকে অবহিত করা হবে। এ প্রকল্পের নিযুক্ত পরামর্শক প্রতিষ্ঠান বর্তমানে ওয়ে ব্রীজের ডিজাইন মডিফিকেশন নিয়ে কাজ করছে। তিনি আরো জানান যে, চীনে করোনা ভাইরাসের প্রকোপের কারণে ১০ জন প্রকৌশলী চীন হতে এদেশে আসতে পারেননি। সেতু নির্মাণে ব্যবহৃত উপকরণ ও যন্ত্রপাতি চীন হতে আমদানি বন্ধ রয়েছে। বিদ্যমান উপকরণাদি ব্যবহার করে কাজ চালিয়ে যাওয়ার পরামর্শ দেয়া হয়। | (ক) ঠিকাদারের মেয়াদ বৃদ্ধির প্রস্তাব দ্রুত চূড়ান্ত করতে হবে।<br>(খ) ওয়ে ব্রীজের ডিজাইন মডিফিকেশনের কাজ সম্পন্ন করতে হবে।<br>(গ) করোনা ভাইরাসের কারণে প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রমের প্রতিবন্ধকতার বিস্তারিত প্রতিবেদন এ বিভাগে প্রেরণ করতে হবে।<br>(ঘ) বিদ্যমান উপকরণাদি ব্যবহার করে নির্মাণ কাজ চালিয়ে যেতে হবে। | সওজ অধিদপ্তর ও প্রকল্প পরিচালক |
| ১৩. গ্রেটার ঢাকা সাসটেইনেবল আরবান ট্রান্সপোর্ট প্রজেক্ট (বিআরটি গাজীপুর-এয়ারপোর্ট) (১/১২/১২-৩০/৬/২০) | প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, পরামর্শক কর্তৃক প্রস্তুতকৃত রিভাইজড ওয়ার্ক প্রোগ্রাম দাখিল করা হয়েছে। প্রকল্পের বাস্তব ও আর্থিক অগ্রগতি নির্দিষ্ট লক্ষ্যমাত্রায় অর্জন করার প্রচেষ্টা অব্যাহত আছে। বাসের স্পেসিফিকেশন চূড়ান্ত করার টেকনিক্যাল কমিটিতে মেকানিক্যাল উইং এর অতিরিক্ত প্রধান প্রকৌশলী সংযুক্ত আছেন। মেকানিক্যাল উইং এর সহযোগিতা নিয়ে বাস ক্রয়ের দরপত্র দলিল চূড়ান্তকরণ কার্যক্রম চলমান রয়েছে। উন্নতমানের বাস ক্রয়ের লক্ষ্যে যথাযথ স্পেসিফিকেশন তৈরীর জন্য পুনরায় নির্দেশনা দেয়া হয়। এয়ারপোর্ট এলাকায় ফুটওভার ব্রীজ স্থাপনের স্থান চূড়ান্ত করা প্রয়োজন মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়। | (ক) রিভাইজড ওয়ার্ক প্ল্যান অনুযায়ী প্রকল্পটির বাস্তবায়ন মেয়াদকাল চূড়ান্ত করতে হবে।<br>(খ) বাস ক্রয়ের দরপত্র দলিল দ্রুত সময়ের মধ্যে নিশ্চিত করতে হবে।<br>(গ) উন্নতমানের বাস ক্রয়ের লক্ষ্যে যথাযথ স্পেসিফিকেশন তৈরী করতে হবে।<br>(ঘ) এয়ারপোর্ট এলাকায় ফুটওভার ব্রীজ স্থাপন সংক্রান্ত জটিলতা নিরসনে এ বিভাগের অতিরিক্ত সচিব (আরবান), অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ঢাকা জোন ও প্রকল্প পরিচালক এয়ারপোর্ট এলাকা পরিদর্শন করে এ সংক্রান্ত প্রতিবেদন দাখিল করবেন। | অতিরিক্ত সচিব (আরবান ট্রান্সপোর্ট),<br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ঢাকা জোন<br>ও<br>প্রকল্প পরিচালক |
| ১৪. SASEC Road Connectivity: Improvement of Joydebpur-Chandra-Tangail-Elenga-Road (N-4) | সভায় জানানো হয় যে, প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম সম্পন্ন করতে অনুমোদিত মেয়াদ অপেক্ষা অতিরিক্ত সময়ের প্রয়োজন হবে। মেয়াদ বৃদ্ধির প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। সভায় আরো অবহিত করা হয় যে, পিএসসি সভার সিদ্ধান্ত অনুযায়ী এ বিভাগ কর্তৃক প্রকল্পটির কার্যক্রম পরিদর্শন করা হবে। | (ক) প্রকল্পটির মেয়াদ বৃদ্ধির প্রস্তাব প্রক্রিয়াকরণ করতে হবে।<br>(খ) এ বিভাগ কর্তৃক প্রকল্প এলাকার সরেজমিনে পরিদর্শনকরতঃ পরিদর্শন প্রতিবেদন দাখিল করতে হবে। | পরিকল্পনা উইং, প্রধান প্রকৌশলী ও প্রকল্প পরিচালক |

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
| --- | --- | --- | --- |
| ১৫. ২য় কাঁচপুর, ২য় মেঘনা, ২য় গোমতী সেতু নির্মাণ এবং বিদ্যমান সেতুসমূহের পুনর্বাসন প্রকল্প (১/৪/১৩-৩১/১০/২১) | সভায় অবহিত করা হয় যে, প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সন্তোষজনক অবস্থায় রয়েছে। মদনপুর ইন্টারসেকশনে ওভারপাস নির্মাণের বিষয়ে সওজ অধিদপ্তরের মতামত এ বিভাগকে অবহিত করার জন্য পুনরায় নির্দেশনা দেয়া হয়। | মদনপুর ইন্টারসেকশনে ওভারপাস নির্মাণের বিষয়ে সওজ অধিদপ্তরের লিখিত মতামত এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর ও প্রকল্প পরিচালক |
| ১৬. মাতারবাড়ি কয়লা ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র সংযোগ সড়ক নির্মাণ (১/৭/১৫-৩০/৬/২০) | প্রকল্প পরিচালক জানান যে, নৌ-পরিবহন মন্ত্রণালয়ে নেভিগেশনাল ক্লিয়ারেন্স বিষয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী কোহেলিয়া সেতুর ডিজাইন রিভিউ করে সেতুর ব্যয় প্রাক্কলন পুনর্গঠনকরতঃ ডিপিপি সংশোধনের উদ্যোগ নেয়া হয়েছে। বর্তমানে পরামর্শক কর্তৃক সেতুর ডিজাইন পর্যালোচনা করা হচ্ছে। | (ক) কোহেলিয়া সেতুর ডিজাইনের বিষয়ে সওজ অধিদপ্তরের ব্রীজ ম্যানেজমেন্ট উইং এর ভেটিং গ্রহণকরতঃ ডিজাইন চূড়ান্ত করতে হবে।<br>(খ) ডিপিপি সংশোধনের উদ্যোগ গ্রহণ করতে হবে। | সওজ অধিদপ্তর ও প্রকল্প পরিচালক |
| ১৭. ডব্লিউবিবিআইপি (১/১০/১৫-৩০/৬/২২) | সভায় আলোচনা করা হয় যে, এ প্রকল্পের আওতায় রাজশাহী জোনের সেতু নির্মাণের অগ্রগতি তুলনামূলক কম। প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি বিলম্ব হলে জনগণ এর প্রকৃত সুফল যথাসময়ে পাবে না। এ প্রকল্পের আওতায় রাজশাহী জোনের বাস্তবায়ন কার্যক্রম মনিটরিং করে প্রকল্পের অগ্রগতি নিশ্চিত করার পরামর্শ প্রদান করা হয়। | এ বিভাগের উপপ্রধান (পরি: ও কার্য:) এর নেতৃত্বে একটি টীম রাজশাহী জোনে প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করে সুপারিশমালা প্রদান করতে পারে। | পরিকল্পনা উইং ও প্রকল্প পরিচালক |
| ১৮. ক্রস-বর্ডার রোড নেটওয়ার্ক ইমপ্রুভমেন্ট প্রজেক্ট (বাংলাদেশ) (১/৪/১৬-৩০/৬/২২) | প্রকল্প পরিচালক অবহিত করেন যে, ঝিকরগাছায় ৬-লেন বিশিষ্ট সেতুটির উভয় পাশে একটি করে মোট ২-লেন ধীর গতির যান চলাচলের জন্য এবং উভয় পাশে পথচারী পারাপারের জন্য ফুটপাতের ব্যবস্থা রাখা হয়েছে। ৬-লেনের পরিবর্তে রাস্তার এল্যাইনমেন্ট অনুসারে ৪-লেনের সেতু নির্মাণের বিষয়ে জাইকার সাথে আলোচনার জন্য প্রধান প্রকৌশলীকে পুনঃপরামর্শ প্রদান করা হয়। | সড়কের এল্যাইনমেন্ট অনুসারে ৪-লেনের সেতু নির্মাণের বিষয়ে জাইকার সাথে সওজ অধিদপ্তরের প্রধান প্রকৌশলী পরামর্শ করে সিদ্ধান্ত গ্রহণ করবেন। | প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর ও প্রকল্প পরিচালক |
| ১৯. সাসেক সংযোগ সড়ক-২: হাটিকামরুল-রংপুর জাতীয় মহাসড়ক ৪-লেনে উন্নীতকরণ (০১/৯/১৬-৩১/৮/২১) | সভায় জানানো হয় যে, প্রকল্পটির ১ম সংশোধিত ডিপিপি প্রণয়নের কার্যক্রম চলছে। প্রকল্পে নিয়োজিত ৮২ জন প্রকৌশলী ও কর্মকর্তাদের মধ্যে করোনা ভাইরাসের কারণে চীন হতে এদেশে আসতে পারছেন না। প্রকল্পের কাজে প্রয়োজনীয় যন্ত্রপাতি চীন হতে আমদানি করা যাচ্ছে না। বিদ্যমান সড়কে অবস্থিত ইউটিলিটি শিফটিং এর বিষয়ে এ বিভাগ হতে বিদ্যুৎ বিভাগে পত্র প্রেরণের পক্ষে একমত পোষণ করা হয়। | (ক) ডিপিপি সংশোধন প্রস্তাব দ্রুত এ বিভাগে প্রেরণ করতে হবে।<br>(খ) চীনা প্রকৌশলী ও কর্মকর্তাদের অবর্তমানে যাতে প্রকল্পের অগ্রগতি ব্যাহত না হয় সে বিষয়ে যথাযথ পরিকল্পনা গ্রহণ করতে হবে।<br>(গ) ইউটিলিটি শিফটিং এর বিষয়ে এ বিভাগ হতে বিদ্যুৎ বিভাগে পত্র প্রেরণ করতে হবে। | উন্নয়ন উইং, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ ও প্রকল্প পরিচালক |
| ২০. সড়ক ও জনপথ অধিদপ্তরের জন্য যন্ত্রপাতি ও সরঞ্জামাদি সংগ্রহ (১/১/১৭-৩০/০৬/২০) | সভাকে অবহিত করা হয় যে, পুনঃ দরপত্র আহবান করার পর ৩টি প্যাকেজের টেকনিক্যাল মূল্যায়ন শেষে প্রধান প্রকৌশলীর অনুমোদন গ্রহণ করা হয়েছে। শীঘ্রই EXIM Bank এর মতামতের জন্য প্রেরণ করা হবে। আর জানানো হয় যে, দীর্ঘদিন ১৯টি প্যাকেজের মতামত গ্রহণের জন্য EXIM Bank এ অপেক্ষমান থাকলেও গত ১২/০২/২০২০ তারিখে ৩টি প্যাকেজের কার্যাদেশ প্রদানের জন্য সম্মতি জ্ঞাপন করেছে এবং ১৬টি প্যাকেজের পুনঃ দরপত্র আহবানের জন্য অনুরোধ জানিয়েছে। বিস্তারিত আলোচনাক্রমে ১৬টি প্যাকেজ এবং পুনঃ | (ক) প্রকল্পের ১৬টি প্যাকেজ এবং পুনঃ দরপত্র আহবানের জন্য অপেক্ষমান কোন প্যাকেজ থাকলে সবগুলো প্যাকেজের দরপত্র দ্রুত আহবান করতে হবে।<br>(খ) নির্ধারিত সময়ের মধ্যে মূল্যায়ন প্রক্রিয়া সমাপ্ত করে অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(গ) দরপত্র মূল্যায়নে অত্যাধিক সময় [illegible] করা যাবে না। | ইআরডি ও প্রকল্প পরিচালক |

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | করা এবং নির্ধারিত সময়ের মধ্যে মূল্যায়ন শেষ করে অনুমোদনের ব্যবস্থা গ্রহণের জন্য প্রকল্প পরিচালককে নির্দেশনা দেয়া হয়। দরপত্র মূল্যায়নে অত্যাধিক সময় ক্ষেপণ না করার জন্য পরামর্শ দেয়া হয়। | | |
| ২১. আশুগঞ্জ নদীবন্দর-সরাইল-ধরখার-আখাউড়া স্থলবন্দর মহাসড়ককে ৪-লেন জাতীয় মহাসড়কে উন্নীতকরণ (১/৪/১৭-৩০/৬/২০) | সভায় জানানো হয় যে, প্রকল্পটির কার্যক্রম বাস্তবায়নে প্যাকেজ-১ ও প্যাকেজ-২ এর জন্য ভূমি অধিগ্রহণের প্রাক্কলন এখনো সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয় হতে পাওয়া যায়নি। প্রকল্পটির বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিত করার জন্য সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা প্রণয়ন করে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশনা দেয়া হয়। | (ক) ভূমি অধিগ্রহণ ত্বরান্বিত করার জন্য এ বিভাগ হতে সংশ্লিষ্ট জেলা প্রশাসককে পত্র প্রেরণ করতে হবে।<br>(খ)প্রকল্পটির বাস্তবায়ন কার্যক্রম পরিচালনার জন্য সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা প্রণয়ন করে এ বিভাগে প্রেরণ করতে হবে। | উন্নয়ন উইং, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ ও প্রকল্প পরিচালক |
| ২২. রাজাপুর-নৈকাঠি-বেকুটিয়া-পিরোজপুর সড়কের (জেড-৮৭০২) ১২তম কিলোমিটারে বেকুটিয়া কঁচা নদীর উপর ৮ম বাংলাদেশ চীন মৈত্রী সেতু নির্মাণ (০১/১০/১৭-৩১/১২/২১) | প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সন্তোষজনক অবস্থায় রয়েছে। তবে করোনা ভাইরাসের কারণে চীনা প্রকৌশলী ও কর্মকর্তাগণ এদেশে যাতায়াত করতে না পারায় প্রকল্পের বাস্তবায়নে কিছুটা প্রতিবন্ধকতার সৃষ্টি হতে পারে। এ বিভাগ কর্তৃক প্রকল্পটির বাস্তবায়ন কার্যক্রম পরিদর্শনের পরামর্শ প্রদান করা হয়। | (ক) চীনা প্রকৌশলী ও কর্মকর্তাদের অবর্তমানে যাতে প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি বাধাঁগ্রস্থ না হয় সে ব্যাপারে প্রকল্প পরিচালক সচেষ্ট থাকবেন।<br>(খ) সুবিধাজনক সময়ে প্রকল্পটির বাস্তবায়ন কার্যক্রম এ বিভাগ কর্তৃক পরিদর্শন করতে হবে। | পরিকল্পনা উইং ও প্রকল্প পরিচালক |
| ২৩. ইমারজেন্সি এসিস্ট্যান্স প্রজেক্ট কক্সবাজার-টেকনাফ রোড (এন-১) ইমপ্রুভমেন্ট প্রজেক্ট ০১/১০/১৮-৩০/০৬/২১) | প্রকল্প পরিচালক সভায় অবহিত করেন যে, রাস্তার ডিজাইন রিভিউ করার প্রয়োজন নেই। বিদ্যমান ডিজাইনটি যথাযথ রয়েছে মর্মে তিনি মতামত ব্যক্ত করেন। প্রকল্প সাহায্য খাতে ব্যয়ের অগ্রগতি শূন্য থাকায় সভায় অসন্তোষ প্রকাশ করে সুষ্ঠু প্রকল্প বাস্তবায়নের ওপর গুরুত্ব দেয়ার জন্য বলা হয়। | (ক) প্রকল্পের আর্থিক অগ্রগতি কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রায় অর্জন করার নিমিত্ত সুষ্ঠু প্রকল্প বাস্তবায়নের ওপর গুরুত্ব দিতে হবে।<br>(খ) প্রকল্প পরিচালক নিয়মিত বাস্তবায়ন কার্যক্রম মনিটরিং করবেন ও এ সংক্রান্ত প্রতিবেদন এ বিভাগে প্রেরণ করবেন। | সওজ অধিদপ্তর ও প্রকল্প পরিচালক |
| ২৪. Technical Assistance for Sub-Regional Road Transport Project Preparatory Facility-II (১/০৭/১৫-৩০/০৬/২০) | সভায় জানানো হয় যে, ভাঙ্গা-কালনা-যশোর-বেনাপোল সড়ক উন্নয়নের ভূমি অধিগ্রহণ প্রকল্পের পুর্নগঠিত ডিপিপি এ বিভাগে প্রেরণ করা হবে। প্রকল্প পরিচালককে পরবর্তী এডিপি রিভিউ সভায় উপস্থিত থাকার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | (ক) ভাঙ্গা-কালনা-যশোর-বেনাপোল সড়ক উন্নয়নের ভূমি অধিগ্রহণ প্রকল্পের পুর্নগঠিত ডিপিপি এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>(খ) পরবর্তী এডিপি রিভিউ সভায় প্রকল্প পরিচালক উপস্থিত থেকে প্রকল্পের অগ্রগতি সভাকে অবহিত করবেন।<br>(গ) ভাঙ্গা-ভাটিয়াপাড়া-নড়াইল-যশোর-বেনাপোল মহাসড়কের ডিপিপি দ্রুত প্রণয়ন করতে হবে। | প্রধান প্রকৌশলী ও প্রকল্প পরিচালক |
| অন্যান্য প্রকল্পসমূহ | | | |
| ২৫. ঢাকা সার্কুলার রুট | সভায় জানানো হয় যে, এআইআইবি এ প্রকল্পের অর্থায়নের বিষয়ে ইতিবাচক মনোভাব ব্যক্ত করেছে। ইআরডি'র মাধ্যমে এআইআইবি'র আনুষ্ঠানিক সিদ্ধান্ত গ্রহণের জন্য পরামর্শ প্রদান করা হয়। | ইআরডি'র মাধ্যমে এআইআইবি'র আনুষ্ঠানিক সিদ্ধান্ত গ্রহণের পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | প্রধান প্রকৌশলী ও প্রকল্প পরিচালক |
| ২৬. সীতাকুন্ড-চট্টগ্রাম- | পরামর্শক নিয়োগের কর্মপরিকল্পনা তথা অগ্রগতি | পরামর্শক নিয়োগের কর্মপরিকল্পনা | সওজ অধিদপ্তর |

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| এক্সপ্রেসওয়ে নির্মাণ | | | |
| ২৭. বিবিধ | (১) সভায় জানানো হয় যে, বিভিন্ন সময়ে এডিপি পর্যালোচনা সভার গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি যথাসময়ে এ বিভাগে প্রেরণের নির্দেশনা থাকলেও এ প্রকল্পের ওপর গত এডিপি সভার গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রেরণ করা হয়নি। এডিপি সভার গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।<br>(২) এ বিভাগের আওতায় বাস্তবায়নাধীন বিভিন্ন প্রকল্পে চীনা প্রকৌশলী ও কর্মকর্তা নিয়োজিত রয়েছেন। এছাড়া, প্রকল্পের বাস্তবায়নে চীন হতে বিভিন্ন যন্ত্রপাতি ও মালামাল আমদানি করা হয়। চীনে করোনা ভাইরাসের প্রকোপের কারণে চীনা প্রকৌশলী ও কর্মকর্তারা এ দেশে যাতায়াত করতে পারছে না এবং বর্তমানে চীন হতে যন্ত্রপাতি আমদানি বন্ধ রয়েছে। এ প্রেক্ষাপটে, চলমান এ সমস্ত প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি ব্যাহত হতে পারে মর্মে অভিমত প্রকাশ করা হয়। যে সমস্ত প্রকল্পে চীনা প্রকৌশলী ও কর্মকর্তা নিয়োজিত রয়েছেন এবং চীন হতে যন্ত্রপাতি ও মালামাল আমদানি বিঘ্নিত হচ্ছে এমন প্রকল্পের তালিকাসহ এ সংক্রান্ত একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়।<br>(৩) পিপিপি'র তালিকাভুক্ত প্রকল্পসমূহের সর্বশেষ অগ্রগতি পরবর্তী সভায় পৃথকভাবে উপস্থাপনের নির্দেশনা প্রদান করা হয়।<br>(৪) বৈদেশিক সহায়তা প্রাপ্তির সুবিধার্থে সবুজ পাতায় অন্তর্ভুক্ত প্রকল্পের পিডিপিপি যথাযথভাবে প্রণয়ন করে এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশনা দেয়া হয়। | (১) এডিপি পর্যালোচনার সভার গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>(২) যে সমস্ত প্রকল্পে চীনা প্রকৌশলী ও কর্মকর্তা নিয়োজিত রয়েছেন এবং চীন হতে যন্ত্রপাতি ও মালামাল আমদানি বিঘ্নিত হচ্ছে এমন প্রকল্পের তালিকাসহ এ সংক্রান্ত একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন এ বিভাগে প্রেরণ করতে হবে।<br>(৩) পিপিপি'র তালিকাভুক্ত প্রকল্পসমূহের সর্বশেষ অগ্রগতি পরবর্তী সভায় পৃথকভাবে উপস্থাপন করতে হবে। উপস্থাপনার প্রয়োজনীয় তথ্যাদি যথাসময়ে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>(৪) বৈদেশিক সহায়তা প্রাপ্তির সুবিধার্থে সবুজ পাতায় অন্তর্ভুক্ত প্রকল্পের পিডিপিপি যথাযথভাবে প্রণয়ন করে এ বিভাগে প্রেরণ করতে হবে। | সওজ অধিদপ্তর, ডিএমটিসিএল, ডিটিসিএল, বিআরটিসি, বিআরটিআর ও পিপিপি সেল প্রধান সওজ |

৩. অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় প্রকল্প বাস্তবায়নে আন্তরিক ও আরো উদ্যোগী হতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ নজরুল ইসলাম)
সচিব